



রাজশাহী বিশ্ববিদ্যালয়  
২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ভর্তি প্রক্রিয়া

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের (১ম বর্ষ) ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত ছাত্র-ছাত্রীদেরকে নিম্নে উল্লেখিত পদ্ধতিতে অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

১। ভর্তির জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত নিম্নলিখিত ফি (হলের ফি সহ) প্রদান করতে হবে।

(ক) কলা (Unit-A), আইন (Unit-B), বিজনেস স্টাডিজ (Unit-D), সামাজিক বিজ্ঞান (Unit-E), চারুকলা (Unit-I) অনুষদ এবং IBA (Unit-J) ও IER (Unit-K) এর জন্য ফি ৩৭২৫/- টাকা।

(খ) বিজ্ঞান (Unit-C), জীব ও ভূ-বিজ্ঞান (Unit-F), কৃষি (Unit-G) এবং প্রকৌশল (Unit-H) অনুষদের জন্য ফি ৩৮৫০/- টাকা।

উক্ত ফি ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে নিম্নে উল্লেখিত পদ্ধতিতে পরিশোধ করতে হবে।

Bill Number প্রাপ্তিঃ

ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থী ভর্তি পরীক্ষার রোল নম্বর, HSC Roll, HSC Board ও HSC Registration No. ব্যবহার করে সিস্টেম কর্তৃক প্রদত্ত Bill Number পাবে এবং প্রাপ্ত Bill Number ব্যবহার করে ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভর্তি ফি প্রদান করতে পারবে।

ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং এর যে কোন Customer Account থেকে ফি প্রদান প্রক্রিয়াঃ

Step-1: \*322# ডায়াল করতে হবে।

Step-2: “1. Payment” অপশন সিলেক্ট করতে হবে।

Step-3: “1. Bill Pay” অপশন সিলেক্ট করতে হবে।

Step-4: “2. Other” অপশন সিলেক্ট করতে হবে।

Step-5: Enter Payer Mobile Number এর স্থলে অবশ্যই প্রার্থীর মোবাইল নম্বর দিতে হবে।

Step-6: Enter Biller ID. এর স্থলে ‘377’ টাইপ করতে হবে।

Step-7: Enter Bill Number এর স্থলে অবশ্যই প্রার্থীর বিল নম্বর (ওয়েবসাইট হতে পাওয়া যাবে) দিতে হবে।

Step-8: Enter Amount এর স্থলে প্রয়োজনীয় ফি দিতে হবে।

Step-9: Enter PIN এর স্থলে Customer এর ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং Account এর PIN নম্বর দিতে হবে।

Step-10: Payment Confirmation SMS আসবে। এই SMS-এর মাধ্যমে প্রাপ্ত Transaction ID (TxnID) সংরক্ষণ করতে হবে।

Account টি শিক্ষার্থীর ব্যক্তিগত হওয়ার কোন প্রয়োজন নাই এবং একই Account থেকে একাধিক ভর্তি ফি প্রদান করা যাবে।

২। সংশ্লিষ্ট ফি জমা দেওয়ার পর <http://admission.ru.ac.bd> ওয়েবসাইটের মাধ্যমে ভর্তি ফরম পূরণ করা যাবে। উক্ত ওয়েবসাইটে শিক্ষার্থীর ভর্তি পরীক্ষার রোল নম্বর, HSC Roll, HSC Board ও HSC Registration No সঠিকভাবে প্রদান করে অনলাইন ভর্তি ফরম পাওয়া যাবে। ফরমটি যথাযথভাবে পূরণ করলে সকল তথ্য সম্বলিত PDF ফরম পাওয়া যাবে। প্রাপ্ত PDF ফরমটি A4 সাইজের অফসেট কাগজে দুই কপি প্রিন্ট নিতে হবে। ফরমটি পরবর্তীতে প্রিন্ট নিতে চাইলে <http://admission.ru.ac.bd> ওয়েবসাইটে পুনরায় ভর্তি পরীক্ষার রোল, HSC Roll, HSC Board ও HSC Registration No ব্যবহার করে তা সম্পন্ন করা যাবে।

ভর্তির জন্য নির্ধারিত সময়ে নিম্নলিখিত কাগজপত্র নিজে উপস্থিত থেকে সংশ্লিষ্ট অনুসদ অফিসে জমা দিতে হবে।

- (ক) পূরণকৃত ভর্তি ফরমের দুই কপি প্রিন্ট (A4 সাইজ অফসেট কাগজে)
- (গ) এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান-এর মূল সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে) ও নম্বরপত্র।
- (ঙ) এইচ.এস.সি পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড।

৩। অনলাইনে ভর্তি ফরম পূরণের জন্য নিম্নে উল্লেখিত বিষয়সমূহ বিশেষভাবে লক্ষণীয়-

- (ক) ভর্তি পরীক্ষার রোল HSC Roll, HSC Board ও HSC Registration No সঠিকভাবে প্রদান করতে হবে।
- (খ) রক্তের গ্রুপ (Blood Group) অবশ্যই জানা থাকতে হবে।
- (গ) সংশ্লিষ্ট অনুসদের নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে ভর্তির ফর্মটি পূরণ ও প্রয়োজনীয় ফি প্রদান করতে হবে।

৪। বরাদ্দকৃত আবাসিক হল কোন ভাবেই পরিবর্তনযোগ্য নয়। তবে কোন শিক্ষার্থীর আপন ভাই বা বোন ইতিমধ্যে কোন হলে অবস্থান করলে এবং উক্ত হলের আবাসিকতা নিতে ইচ্ছুক হলে সকল প্রমানপত্র (উভয়ের জন্ম নিবন্ধন সনদ) সহ ৩১/১২/২০১৭ তারিখের মধ্যে পরিচালক, আইসিটি সেন্টার, রাবি বরাবর পাঠাতে হবে।

৫। অনুসদ অফিসের ভর্তি সংক্রান্ত কার্যক্রম শেষ হবার পর শিক্ষার্থীদের পরবর্তী নির্দেশনা (যদি থাকে) সংশ্লিষ্ট অনুসদ অফিস থেকে প্রদান করা হবে।

৬। শিক্ষার্থীদের (পছন্দের ক্রমের ভিত্তিতে) বিভাগ পরিবর্তন (সাবজেক্ট মাইগ্রেশন) প্রক্রিয়া সংশ্লিষ্ট অনুসদ অফিস সম্পন্ন করবে। শিক্ষার্থীর যোগাযোগ করার কোন প্রয়োজন নাই। প্রতিটি শিক্ষার্থীর সর্বশেষ নির্ধারিত বিভাগের নামসহ অন্যান্য তথ্য ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবার পর <http://admission.ru.ac.bd> ওয়েবসাইটে পাওয়া যাবে এবং SMS-এর মাধ্যমে তা সংশ্লিষ্ট শিক্ষার্থীকে অবহিত করা হবে। উক্ত তথ্যের ভিত্তিতে প্রত্যেক শিক্ষার্থী তার বিভাগ কর্তৃক নির্ধারিত ফি সরাসরি বিভাগীয় অফিসে জমা দেবে। বিভাগীয় ফি-এর পরিমাণ ও অন্যান্য তথ্য জানতে সরাসরি অনুসদ অফিসের টেলিফোনে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করা যাবে:

কলা অনুসদ	০৭২১-৭১১১৪৪
আইন অনুসদ	০৭২১-৭১১১৪৩
বিজনেস স্টাডিস অনুসদ	০৭২১-৭১১১২৯
সামাজিক বিজ্ঞান অনুসদ	০৭২১-৭১১১৩০
বিজ্ঞান অনুসদ	০৭২১-৭১১১১৫
জীব ও ভূ-বিজ্ঞান অনুসদ	০৭২১-৭১১১৫৭
কৃষি অনুসদ	০৭২১-৭১১১৪২
প্রকৌশল অনুসদ	০৭২১-৭১১১২৫
চারুকলা অনুসদ	০৭২১-৭১১১৬৪

বিশেষ শর্তাবলী:

(ক) শিক্ষার্থীর প্রদত্ত তথ্যাবলীতে কোন অসংগতি পরিলক্ষিত হলে ভর্তি বাতিল করা হবে।

(খ) প্রকাশিত ফলাফলের ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা সংশ্লিষ্ট অনুসদের থাকবে।